

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা-১২১৫।

স্মারক নং-৩৩.০১.০০০০.৮৩৯.০৭.০০৪.২৩-৮০

তারিখঃ ১৭-০৯-২০২৪খ্রি.


বিষয়ঃ প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরের নিরীক্ষা কার্যক্রম (অডিট) সম্পাদনের লক্ষ্যে তথ্যাদি প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের কার্যক্রম ৬৪টি জেলার ৪৭৫টি উপজেলায় চলমান। অত্র প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রকল্পের সার্বিক কার্যক্রমের উপর কমপ্লায়েন্স অডিট (Compliance Audit) কার্যক্রম সম্পাদন হবে। উপজেলা পর্যায়ে বাস্তবায়িত কার্যক্রম বিশেষ করে কমিউনিটি এক্সটেনশন এজেন্টগণের (সিইএ) পারিশ্রমিক/সম্মানী, সাইলেজ প্রযুক্তি হস্তান্তর, প্রশিক্ষণ, খামারী পর্যায়ে ঘাসের প্রদর্শনী প্লট স্থাপন এবং সাইনবোর্ড স্থাপন সংশ্লিষ্ট যাবতীয় বিল ভাউচার ও মাস্টার রোলার ফটোকপি সমূহ প্রকল্পের দপ্তরে সরাসরি/ ডাকযোগে আগামী ১০-১০-২০২৪খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনার দপ্তর কর্তৃক প্রকল্পের সমুদয় আর্থিক ব্যয়-সংক্রান্ত কার্যক্রম সমূহ বিধিসম্মত ভাবে নিরীক্ষা দলের নিকট উপস্থাপনের জন্য সকলের সহযোগিতা একান্ত প্রয়োজন।

প্রাপকঃ

১-৪৭৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা.....।


(মোঃ আমজাদ হোসেন ভূঞা)

প্রকল্প পরিচালক

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ
সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা-১২১৫।

মোবাইলঃ ০১৭০৯৮২৭৪০২

Email- andfcdls@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) অনুলিপি প্রেরণ করা হ'লঃ

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক, প্রশাসন/সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩-১০। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/সিলেট/বরিশাল/ ময়মনসিংহ।
- ১১-৭৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা.....।
- ৭৫। আইসিটি কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা (প্রাণিসম্পদ অধিদপ্তর এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৭৬। অফিস কপি।